

# যুবলীগ

## যুবলীগ চেয়ারম্যানের পদকে বেশি গুরুত্ব দেন জবি ভিসি!

প্রকাশ : ১৯ অক্টোবর ২০১৯, ০০:৩৬ | অনলাইন সংস্করণ

জবি প্রতিনিধি



অধ্যাপক ড. মীজানুর রহমান। ফাইল ছবি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান বলেছেন, যুবলীগের ভাবমূর্তি ফেরাতে চেয়ারম্যান হিসেবে আমাকে দায়িত্ব দেয়া হলে পালন করতে রাজি আছি। এ ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদ ছাড়তেও কোনো দ্বিধা নেই।

তিনি বলেন, উপাচার্য হিসাবে আমি দ্বিতীয় মেয়াদে প্রায় ৭ বছর দায়িত্ব পালন করছি। যুবলীগ আমার প্রাণের সংগঠন। আমি অবশ্যই যুবলীগ চেয়ারম্যানের পদকে গুরুত্ব দেব।

শুক্রবার	রাতে
সাংবাদিকদের	সঙ্গে
মোবাইল	ফোনে

আলাপচারিতার সময় অধ্যাপক ড. মীজানুর রহমান এসব কথা বলেন।

বৃহস্পতিবার একটি বেসরকারি টেলিভিশনের টকশোতে কথা প্রসঙ্গে উপাচার্য বলেন, যুবলীগের দায়িত্ব পেলে আমি উপাচার্য পদ ছেড়ে দেব।

এ বিষয়ে তিনি জানান, এর আগে তিনি যুবলীগের সভাপতিমণ্ডলীর ১নং সদস্য হিসেবে দায়িত্ব ছিলেন। উপাচার্য হিসেবে দায়িত্ব নেয়ার পর তিনি আর যুবলীগের সঙ্গে কোনো সংযোগ রাখেননি। যুবলীগের কোনো প্রোগ্রামেও যান না।

উপাচার্য বলেন, বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের চেয়ে যুবলীগের চেয়ারম্যান পদকে বেশি প্রাধান্য দেই। তবে উপাচার্য হিসাবে একটি বিশ্ববিদ্যালয়কে প্রতিনিধিত্ব করি।

তিনি বলেন, সম্প্রতি সময়ে ক্যাসিনোকাণ্ডে কোটি কোটি তরুণ বিভাস্ত হয়েছেন। এই সংগঠনের জন্য অনেক কষ্ট করেছি। এখন সংগঠনটি একটি সংকটের মধ্য দিয়ে যাচ্ছে। কোটি তরুণকে ফের সঠিক পথে আস্থার মধ্যে ফেরাতে আমাকে এ দায়িত্ব দেয়া হলে আমি তা পালন করব।

সামনে যুবলীগের কাউন্সিল, তিনি চেয়ারম্যান পদে লড়বেন কি না জানতে চাইলে ড. মীজানুর রহমান বলেন, না। নিজে থেকে আমি কোনো পদ চাইব না। কখনো কোনো পদ চাইনি। আওয়ামী লীগ সভানেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনা যদি আমাকে দায়িত্ব দেন তাহলে আমি উপাচার্য পদ ছেড়ে দিয়ে যুবলীগের পদে দায়িত্ব পালন করব।

যুবলীগের নেতৃত্বের বয়সসীমা নিয়ে আলোচনা প্রসঙ্গে উপাচার্য বলেন, এটা নেতৃত্বে চাইলে বেঁধে দিতে পারেন। এখন যিনি চেয়ারম্যান তার বয়সটা অনেক বেশি। এটা তো আগে ছিল না। তবে বেঁধে দেয়ার আগে গড় আয়ু যে বেড়েছে সেটা বিবেচনায় নিতে হবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।